# PHILOSOPHY SAMPLE PAPER 2024

## CLASS-XI | SEMESTER-I

**Full Marks: 40** | **Time: 80 Minutes**

**∆ নিম্নলিখিত প্রশ্নগুলির থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ (১ × ৪০ = ৪০)**

**1. ভারতীয় দর্শনে .................. বলতে 'তত্ত্বদর্শন' বা 'তত্ত্বদর্শনের উপায়' বোঝানো হয়েছে।**

(a) আত্মা (b) দর্শন (c) মোক্ষ (d) নৈতিকতা

**2. ভারতীয় দার্শনিক .................. তাঁর 'সর্বদর্শনসংগ্রহ' গ্রন্থে হিন্দু দর্শন বলতে ভারতীয় দর্শনকে বুঝিয়েছেন।**

(a) কপিল (b) মাধবাচার্য (c) জৈমিনি (d) পতঞ্জলি

**3. আচার্য .................. 'নাস্তিক' বলতে বেদ নিন্দুককে বুঝিয়েছেন।**

(a) শঙ্কর (b) রামানুজ (c) মনু (d) বেদব্যাস

**4. .................. ও .................. দর্শন বেদানুগত দর্শন নামে পরিচিত।**

(a) ন্যায়, বৈশেষিক (b) সাংখ্য, যোগ
(c) মীমাংসা, বেদান্ত (d) ন্যায়, সাংখ্য

**[প্রশ্ন ৫-এর জন্য অনুচ্ছেদ]:** ভারতীয় দর্শনের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে চার্বাক, জৈন ও বৌদ্ধ দর্শন নাস্তিক দর্শন। এঁদের মধ্যে চার্বাকরা চরম নাস্তিক। তাঁরা তাঁদের জ্ঞানতত্ত্বে প্রত্যক্ষকেই একমাত্র প্রমাণ বলেছেন। প্রত্যক্ষ অতিরিক্ত অন্য কোনো প্রমাণ তাঁরা স্বীকার করেন না। এই সিদ্ধান্ত থেকেই তাঁরা তাঁদের অধিবিদ্যায় ঈশ্বর, আত্মা ইত্যাদি কোনো অতীন্দ্রিয় সত্তাকে স্বীকার করেন নি। তাঁরা জড়বাদী নামে পরিচিত।

**5. উপরোক্ত অনুচ্ছেদ থেকে নিঃসৃত নীচের বক্তব্যগুলির সঠিক কোড নির্দেশ করো :**

(1) চার্বাকরা অনুমানাদি প্রমাণ স্বীকার করেন না, যেহেতু এইসব প্রমাণগুলি প্রত্যক্ষের অন্তর্গত।
(2) চার্বাকরা অনুমানাদি প্রমাণ স্বীকার করেন না, যেহেতু এগুলির থেকে সুনিশ্চিত জ্ঞান হয় না।
(3) চার্বাকরা অনুমানাদি প্রমাণ স্বীকার করেন না, যেহেতু এগুলি ব্যাপ্তিজ্ঞান নির্ভর।

(A) (2) ও (3) সত্য, এবং (1) মিথ্যা
(B) (1), (2) ও (3) মিথ্যা
(C) (1), (2) সত্য এবং (3) মিথ্যা
(D) (1), (2) ও (3) সত্য

**6. সাংখ্য দর্শন অনুসারে, প্রমাণ তিন প্রকারঃ প্রত্যক্ষ, অনুমান ও ..................**

(a) উপমান (b) শব্দ (c) অর্থাপত্তি (d) অনুপলব্ধি

**7. ন্যায়দর্শন অনুসারে, যখন প্রত্যক্ষ কারণের ভিত্তিতে অপ্রত্যক্ষ কার্যের অনুমান করা হয় তখন তাকে বলে .................. অনুমান।**

(d) সামান্যতোদৃষ্ট
(a) স্বার্থানুমান (b) পূর্ববৎ (c) শেষবৎ

**8. বৌদ্ধ দার্শনিক .................. তিন প্রকার অনুমানের কথা বলেছেনঃ পূর্ববৎ, সামান্যতোদৃষ্ট এবং শেষবৎ।**

(a) কুমারলব্ধ (b) মৈত্রেয়নাথ (c) বিজ্ঞানভিক্ষু (d) রত্নকীর্তি

**9. নীচের দুটি স্তম্ভ বিবেচনা করে সঠিক কোড নির্বাচন করো :**

| স্তম্ভ - ১ | স্তম্ভ - ২ |
|---|---|
| (a) ভুয়োদর্শন | 1. অক্ষপাদ দর্শন |
| (b) নির্গুণ ব্রহ্ম | 2. মীমাংসা, বেদান্ত |
| (c) বেদানুগত দর্শন | 3. শঙ্করাচার্য |
| (d) ন্যায়দর্শন | 4. ব্যাপ্তিগ্রহ |

**কোড [ (a) (b) (c) (d) ]:**
(A) 4 3 2 1 (B) 2 1 3 4
(C) 1 4 2 3 (D) 2 4 1 3

**21. পাহাড়ে ধূম দেখে পাহাড়ে আগুনের অনুমানের ক্ষেত্রে 'পক্ষপদ' হল ..................।**

(a) ধূম (b) আগুন (c) পাহাড় (d) কোনোটিই নয়

**22. ধূম ও আগুনের ব্যাপ্তি জ্ঞানের ক্ষেত্রে ধূম হল ..................।**

(a) ব্যাপ্য (b) ব্যাপক (c) অব্যাপ্য (d) অব্যাপক

**23. ন্যায় দর্শন অনুসারে .................. ও ..................-এর মধ্যেকার ব্যাপ্তির নাম সমব্যাপ্তি।**

(a) ধূম, বহ্নি (b) মানুষ, মনুষ্যত্ব
(c) জ্ঞেয়ত্ব, অভিধেয়ত্ব (d) কোনোটিই নয়

**24. ন্যায় দর্শনে স্বীকৃত পরার্থানুমানের পাঁচটি অবয়বের সঠিক ক্রম হল :**

(a) প্রতিজ্ঞা, উপনয়, হেতু, উদাহরণ, নিগমন
(b) হেতু, উদাহরণ, প্রতিজ্ঞা, উপনয়, নিগমন
(c) প্রতিজ্ঞা, উদাহরণ, উপনয়, হেতু, নিগমন
(d) প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগমন

**25. দর্শনের যে শাখা জ্ঞানের স্বরূপ ও উৎস সম্পর্কে আলোচনা করে তার নাম হল ..................।**

(a) জ্ঞানবিদ্যা (b) অধিবিদ্যা (c) যুক্তিবিদ্যা (d) নীতিবিদ্যা

**26. পাশ্চাত্য দর্শনে .................. 'সমস্ত ধারণাকেই সহজাত ধারণা' বলেছেন।**

(a) ডেকার্ট
(b) স্পিনোজা (c) লাইবনিজ (d) ভলফ্

**27. স্তম্ভ ১ এবং স্তম্ভ ২ মিলিয়ে নিয়ে নীচের কোডগুলি থেকে সঠিক উত্তরটি নির্বাচন করো:**

| স্তম্ভ - ১ | স্তম্ভ - ২ |
|---|---|
| (a) বিচারমূলক পদ্ধতি | 1. এ জে আয়ার |
| (b) সংশয় পদ্ধতি | 2. মার্কস |
| (c) যাচাইকরণ পদ্ধতি | 3. কান্ট |
| (d) দ্বন্দ্বমূলক বস্তুবাদ | 4. ডেকার্ট |

**কোড [ (a) (b) (c) (d) ]:**
(A) 3 4 1 2 (B) 4 3 2 1
(C) 3 4 2 1 (D) 1 3 2 4

**28. দার্শনিক .................. দর্শনের সাথে জ্ঞানবিদ্যাকে অভিন্ন বলে বিবেচনা করেছেন।**

(a) প্লেটো (b) কান্ট (c) স্পিনোজা (d) হেগেল

**29. 'সমাজদর্শন হল দর্শন ও সমাজবিজ্ঞানের মিলনস্থল'- একথা বলেছেন ..................।**

(b) গিসবার্ট
(a) গিন্সবার্গ (c) ম্যাকেঞ্জি (d) কেউই নয়

**30. 'রাষ্ট্রদর্শন' সম্পর্কে আলোচনার বিজ্ঞানসম্মত ও সুনির্দিষ্ট আলোচনা করেছেন অধ্যাপক ..................।**

(b) গিসবার্ট
(a) গিন্সবার্গ (c) র‍্যাফেল (d) গার্ণার

**31. প্রখ্যাত পাশ্চাত্য দার্শনিক .................. হলেন চরমপন্থী বুদ্ধিবাদের সমর্থক।**

(a) স্পিনোজা (b) লাইবনিজ (c) ব্রাডলে (d) রাসেল

HAZARNOTES.COM

**10. চার্বাকমতে অনুমান সম্ভব না। কেননা অনুমানের ভিত্তিস্বরূপ যে .................. জ্ঞান তাও সম্ভব নয়।**

(a) পক্ষধর্মতা (b) পরামর্শ (c) ব্যাপ্তি (d) ব্যাপ্তি-স্মরণ

**11. চার্বাক দর্শন অনুসারে .................. প্রমাণের সাহায্যেও ব্যাপ্তি প্রতিষ্ঠা করা যায় না। কেননা আপ্তপুরুষ যে যথার্থ বক্তা বা যথার্থ জ্ঞানী তাও অনুমানের সাহায্যে জানা যায়।**

(a) প্রত্যক্ষ (b) অনুমান (c) উপমান (d) শব্দ

**12. মহর্ষি গৌতমের প্রত্যক্ষের লক্ষণে ব্যবহৃত .................. শব্দের অর্থ হল যথার্থ বা ভ্রমশূন্য জ্ঞান।**

(a) সন্নিকর্ষ (b) অব্যাপদেশ্য (c) অব্যভিচারী (d) ব্যবসায়াত্মক

**13. মহর্ষি গৌতমের প্রত্যক্ষের লক্ষণের বিরুদ্ধে .................. দোষের আপত্তি উত্থাপন করা হয়ে থাকে।**

(a) অব্যাপ্তি (b) অতিব্যাপ্তি (c) অসম্ভব (d) কোনোটিই নয়

**14. নব্য-নৈয়ায়িক .................. প্রত্যক্ষের লক্ষণ দিতে গিয়ে বলেছেন, প্রত্যক্ষ হল সাক্ষাৎ প্রতীতি বা সাক্ষাৎ জ্ঞান।**

(a) গঙ্গেশ (b) বিশ্বনাথ (c) অন্নংভট্ট (d) কেউই নয়

**15. ন্যায়মত অনুসারে, 'এটি ঘট'-এই জ্ঞানটিকে বলা হয় .................. প্রত্যক্ষ।**

(a) নির্বিকল্পক (b) সবিকল্পক (c) প্রত্যভিজ্ঞা (d) সামান্যলক্ষণ

**16. ন্যায় দার্শনিক .................. নির্বিকল্পক প্রত্যক্ষকে নিষ্প্রকারক জ্ঞান বলেছেন।**

(a) অন্নংভট্ট (b) বিশ্বনাথ (c) গঙ্গেশ (d) বাৎস্যায়ন

**17. ন্যায় দার্শনিকদের মতে, .................. নির্বিকল্পক প্রত্যক্ষের ক্ষেত্রে হয় না।**

(a) প্রত্যক্ষ (b) অনুমান (c) অনুব্যবসায় (d) প্রত্যভিজ্ঞা

**18. ন্যায় দর্শন অনুসারে, .................. হল একটি প্রমাণ।**

(a) অনুমান (b) অনুমিতি (c) অনুমেয় (d) যে-কোনো একটি

**19. প্রাচীন ন্যায় অনুসারে, .................. জ্ঞান থেকে উৎপন্ন জ্ঞানকে বলে অনুমিতি।**

(a) ব্যাপ্তি (b) পরামর্শ (c) পক্ষধর্মতা (d) যে-কোনো একটি

**20. ন্যায়দর্শন অনুসারে, অনুমানের ক্ষেত্রে ..................টি পদের উল্লেখ ও ব্যবহার করা প্রয়োজন।**

(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ

**32. জার্মান দার্শনিক .................. প্রকৃত জ্ঞানের উৎপত্তির ক্ষেত্রে বুদ্ধির ভূমিকাকেই প্রাধান্য দিয়েছেন।**

(a) কান্ট (b) ভলফ্ (c) ভিটগেনস্টাইন (d) লাইবনিজ

**33. 'কোনো ধারণা সহজাত নয়'-একথা বলেছেন ..................।**

(c) রেনে ডেকার্ট

(a) জন লক (b) ডেভিড হিউম

(d) লাইবনিজ

**34. ডেকার্ট তাঁর দর্শনে প্রদর্শন করেছেন:**

(i) গাণিতিক পদ্ধতি (ii) দেহ-মনের সম্পর্ক ব্যাখ্যা

(iii) ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ (iv) মুখ্য ও গৌণ গুণের পার্থক্য

(a) (i) এবং (ii) সত্য, (iii), (iv) মিথ্যা

(b) (ii) এবং (iii) সত্য, (i), (iv) মিথ্যা

(c) (iii) এবং (iv) সত্য, (i), (ii) মিথ্যা

(d) (i), (ii) এবং (iii) সত্য এবং (iv) মিথ্যা

**35. 'গণিতের জ্ঞান হল আদর্শ জ্ঞান' এই মত প্রকাশ করেছেন ..................।**

(a) রেনে ডেকার্ট

(b) স্পিনোজা (c) লাইবনিজ (d) ভলফ

**36. প্রকৃত নরমপন্থী বুদ্ধিবাদী দার্শনিক হলেন ..................।**

(a) রেনে ডেকার্ট

(b) স্পিনোজা (c) লাইবনিজ (d) কান্ট

**37. 'জন্মের সময় মানুষের মন থাকে একটি অলিখিত সাদা কাগজ' একথা বলেছেন ..................।**

(a) জন লক (b) বিশপ বার্কলে (c) ডেভিড হিউম (d) মিল

**38. বিবৃতি (A) ও কারণ (R) বিচার করে সঠিক কোডটি বেছে নিন:**

**বিবৃতি (A):** লক মুখ্য ও গৌণ গুণের মধ্যে পার্থক্য করেছেন।

**কারণ (R):** লক সংবেদন জন্য জ্ঞানকে সর্বনিম্ন পর্যায়ের জ্ঞান বলেছেন।

(a) (A) ও (R) উভয়ই সত্য এবং (R) হল (A)-এর সঠিক ব্যাখ্যা

(b) (A) ও (R) উভয়ই সত্য, কিন্তু (R) (A)-এর সঠিক ব্যাখ্যা নয়

(c) (A) সত্য, কিন্তু (R) মিথ্যা

(d) (A) মিথ্যা, কিন্তু (R) সত্য

**39. .................. এর বুদ্ধিবাদকে গাণিতিক বুদ্ধিবাদ বলা হয়।**

(a) রেনে ডেকার্ট

(b) স্পিনোজা (c) লাইবনিজ (d) কান্ট

**40. ডেকার্টের বুদ্ধিবাদে তিনপ্রকার ধারণা স্বীকার করা হয়েছে : আগন্তুক, কৃত্রিম ও ..................।**

(a) সরল (b) যৌগিক (c) সহজাত (d) অমূর্ত

## ANSWER KEY (উত্তরপত্র)

| | | | | |
|---|---|---|---|---|
| **1.** (b) দর্শন | **2.** (b) মাধবাচার্য | **3.** (c) মনু | **4.** (c) মীমাংসা, বেদান্ত | **5.** (A) (2) ও (3) সত্য, (1) মিথ্যা |
| **6.** (b) শব্দ | **7.** (b) পূর্ববৎ | **8.** (b) মৈত্রেয়নাথ | **9.** (A) 4 3 2 1 | **10.** (c) ব্যাপ্তি |
| **11.** (d) শব্দ | **12.** (c) অব্যভিচারী | **13.** (b) অতিব্যাপ্তি | **14.** (a) গঙ্গেশ | **15.** (b) সবিকল্পক |
| **16.** (c) গঙ্গেশ | **17.** (c) অনুব্যবসায় | **18.** (a) অনুমান | **19.** (b) পরামর্শ | **20.** (b) তিন |
| **21.** (c) পাহাড় | **22.** (a) ব্যাপ্য | **23.** (c) জ্ঞেয়ত্ব, অভিধেয়ত্ব | **24.** (d) প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগমন | **25.** (a) জ্ঞানবিদ্যা |
| **26.** (c) লাইবনিজ | **27.** (A) 3 4 1 2 | **28.** (b) কান্ট | **29.** (b) গিসবার্ট | **30.** (c) র‍্যাফেল |
| **31.** (a) স্পিনোজা | **32.** (d) লাইবনিজ | **33.** (a) জন লক | **34.** (d) (i), (ii), (iii) সত্য, (iv) মিথ্যা | **35.** (a) রেনে ডেকার্ট |
| **36.** (c) লাইবনিজ | **37.** (a) জন লক | **38.** (b) (A) ও (R) সত্য, ব্যাখ্যা নয় | **39.** (a) রেনে ডেকার্ট | **40.** (c) সহজাত |

HAZARNOTES.COM